# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 2nd Semester Examinations, 2022

## BENGALI

## বাংলা ভাষার ইতিহাস

## CORE-4

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

**প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।**
**পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।**

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার শ্রেষ্ঠ নিদর্শন হিসেবে কোন্ গ্রন্থের নাম উল্লেখ করা হয় ?

(খ) পালি ভাষায় লেখা একটি গ্রন্থের নাম উল্লেখ করো।

(গ) মধ্যভারতীয় আর্যভাষার কালপর্ব নির্দেশ করো।

(ঘ) অশোকের শিলালিপি কোন্ স্তরের আর্যভাষার দৃষ্টান্ত ?

(ঙ) 'অষ্টাধ্যায়ী' গ্রন্থটির রচয়িতা কে ?

(চ) দুটি যৌগিক স্বরের দৃষ্টান্ত দাও।

(ছ) একটি প্লুতস্বরের দৃষ্টান্ত দাও।

(জ) মধ্যস্বরাগম আর অন্য কী নামে পরিচিত ?

(ঝ) 'মহাজন' শব্দটি কোন্ শ্রেণীর শব্দার্থ পরিবর্তনের দৃষ্টান্ত ?

(ঞ) দুটি ঘৃষ্ট ধ্বনির দৃষ্টান্ত দাও।

পরিভাষায় লেখোঃ

(ট) Ballad

(ঠ) Chorus

(ড) Elegy

(ঢ) Fable

(ণ) Myth.

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) টীকা লেখোঃ

শব্দার্থের প্রসার

অথবা

মহাপ্রাণ ধ্বনি

(খ) মিশ্রশব্দ কাকে বলে ? দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও।

(গ) ব্যুৎপত্তি নির্ণয় করোঃ

আজ, আলতা, ওম, ছাতিম, দাম।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) স্বরধ্বনি কাকে বলে ? বাংলা মৌলিক স্বরধ্বনির শ্রেণীবিভাগ করো।

(খ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বানানবিধি অনুসারে তৎসম শব্দের বানানে 'হ্রস্ব-দীর্ঘস্বর চিহ্ন' বিষয়ে আলোচনা করো।

(গ) উচ্চারণের প্রকৃতি অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির শ্রেণীবিভাগগুলি আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বাংলা ভাষা উদ্ভবের ইতিহাস আলোচনা করো।

(খ) মধ্যভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) ধ্বনি পরিবর্তনের আভ্যন্তরীণ কারণগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

——×——